वेणुं क्वणन्तमरविन्ददलायताक्षं
बर्हावतंसमसिताम्बुदसुन्दराङ्गम् ।
कन्दर्पकोटिकमनीयविशेषशोभं
गोविन्दमादिपुरुषं तमहं भजामि ॥

মুরলীগান-তৎপর, কমলদলের ন্যায় প্রফুল্লচক্ষু, ময়ূর-পুচ্ছ-শিরোভূষণ, নীলমেঘবর্ণ সুন্দর-শরীর, কোটিকন্দর্পমোহন বিশেষশোভা-বিশিষ্ট সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজন করি ॥

Always playing the flute,
His eyes like blooming lotus-petals,
His head adorned with a peacock feather,
His beautiful Form the hue of a blue cloud;
with the unique beauty that charms millions of Cupids—
the Primeval Lord, Govinda, do I adore.

*Śrī Brahma-saṁhitā*

**Quintessence of Reality the Beautiful**

Sri
Chaitanya
Saraswat
Math

# শ্রীব্রহ্ম

## *Śrī Brah*

## Quintessence of R

SRI CHAITANYA
NAB

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

# শ্রীব্রহ্মসংহিতা

# *Śrī Brahma-saṁhitā*

## Quintessence of Reality the Beautiful

SRI CHAITANYA SARASWAT MATH
NABADWIP

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শতাধ্যায়ী-

# শ্রীব্রহ্মসংহিতা-

## পঞ্চমোঽধ্যায়ঃ

বর্ত্তমান যুগে শুদ্ধভক্তিসিদ্ধান্তধারার পুনঃ-প্রবর্ত্তক
**ওঁ বিষ্ণুপাদ শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর কৃত-**
শ্রীশ্রীব্রহ্মসংহিতা প্রকাশিনী বিবৃতি ও অনুবাদ সহ

শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়সম্প্রদায়ৈক-সংরক্ষকাচার্য্যভাস্কর-
**প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের**
'আকৃষ্টের উপলব্ধি' সমন্বিত

নবদ্বীপ-শ্রীচৈতন্য-সারস্বত মঠের
প্রতিষ্ঠাতা-সভাপতি-আচার্য্য অনন্তশ্রী-বিভূষিত
নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি-
**শ্রীশ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজের**

প্রিয়তমপার্ষদ তৎকর্ত্তৃক মনোনীত ও স্থলাভিষিক্ত
সেবায়েত-সভাপতি-আচার্য্য ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী-
**শ্রীমদ্ভক্তি সুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজের**
প্রেরণা, কৃপানির্দ্দেশ ও সম্পাদনায়

**নবদ্বীপ শ্রীচৈতন্য-সারস্বত মঠ হইতে প্রকাশিত**

श्रीश्रीगुरुगौराङ्गौ जयतः
All Glory to Śrī Śrī Guru and Gaurāṅga

शताध्यायी-

# श्रीब्रह्मसंहिता-

पञ्चमोऽध्यायः

# *Śrī Brahma-saṁhitā*

*[The fifth of one hundred chapters]*

# Quintessence of Reality the Beautiful

With elaborate Bengali commentary and translation
by the Great Pioneer of Pure Devotion in the present age:

**Oṁ Viṣṇupād Śrīla Sachchidānanda Bhaktivinoda Ṭhākur**

Including an Appreciation by the Illustrious Preceptor of
the Śrī Brahma-Mādhva-Gauḍīya-Sampradāya:

**Prabhupād Śrīla Bhakti Siddhānta Saraswatī Goswāmī Ṭhākur**

By the Grace of the Founder-President-Āchāryya
of Nabadwip Śrī Chaitanya Sāraswat Maṭh:
Ananta-śrī-vibhūṣita Nitya-līlā-praviṣṭa
Oṁ Viṣṇupād Paramahaṁsa-kula-chūḍāmaṇi-

**Śrī Śrīmad Bhakti Rakṣak Śrīdhar Dev-Goswāmī Mahārāj**

Under the Divine Guidance and Inspiration Graciously Granted by His
Most Beloved Intimate Attendant who He Personally Appointed
as His Successor, Guardian Servitor and President-Āchāryya,
Oṁ Viṣṇupād Aṣṭottara-śata-śrī-

**Śrīmad Bhakti Sundar Govinda Dev-Goswāmī Mahārāj**

this Holy Book was published from

**Nabadwip Śrī Chaitanya Sāraswat Maṭh**

©All rights reserved by
the President-Acharyya,
Sri Chaitanya Saraswat Math,
Nabadwip and internationally.

First edition 5,000 copies
15th May, 1992
Printed by Singapore National Printers

অনুবাদক—ত্রিদণ্ডিভিক্ষু শ্রীভক্তি আনন্দ সাগর
প্রকাশক—এডেস্‌ভীস কীয়াডো, বুডাপেস্ট

শ্রীচৈতন্য সারস্বত মঠ
কোলের গঞ্জ, পোঃ—নবদ্বীপ, জেলা—নদীয়া,
পশ্চিমবঙ্গ, পিন—৭৪১৩০২, ভারত

Translated by Tridandi Bhiksu Sri Bhakti Ananda Sagar
Published by Édesvíz Kiadó, Budapest, Hungary, for

SRI CHAITANYA SARASWAT MATH
Kolerganj, P.O. Nabadwip, Dist. Nadia,
West Bengal, Pin 741302, India.

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো জয়তি ।

# পাঠকাকর্ষণ

শ্রীচৈতন্যচরিতামৃত-মধ্যলীলার নবম-পরিচ্ছেদে এইরূপ লেখা আছে—
সেই দিন চলি' আইলা পয়স্বিনী-তীরে। স্নান করি' গেল আদিকেশব-মন্দিরে ॥
মহাভক্তগণসহ তাঁহা গোষ্ঠী হইল । 'ব্রহ্মসংহিতাধ্যায়' পুঁথি তাঁহা পাইল ॥
পুঁথি পাঞা প্রভুর হইল আনন্দ অপার। কম্প-অশ্রু-স্বেদ-স্তম্ভ-পুলক-বিকার ॥
সিদ্ধান্ত-শাস্ত্র নাহি 'ব্রহ্মসংহিতা'-সমান। গোবিন্দমহিমা-জ্ঞানের পরম কারণ ॥
অল্প অক্ষরে কহে সিদ্ধান্ত অপার । সকল-বৈষ্ণবশাস্ত্র-মধ্যে অতি সার ॥

---

All Glory to Śrī Kṛṣṇa Chaitanya
the Golden Moon of Śrī Māyāpur

# For the Reader's Appreciation

In the *Madhya-Līlā,* ninth chapter of *Śrī Chaitanya-Charitāmṛta,* we find:

"That day, the Lord went to the bank of the Payasvinī river. After bathing He went to the Ādi-Keśava Temple where He met with the great devotees there, and it was there that He obtained the ancient manuscript of the fifth chapter of *Śrī Brahma-saṁhitā.* This gave the Lord unlimited joy, and Divine Ecstatic Symptoms appeared in His Body—trembling, weeping, perspiring; He was stunned, thrilled with Ecstasy.

"As a Scripture embodying Perfect Truths *(siddhānta), Śrī Brahma-saṁhitā* has no equal; it is the best of all Holy Books proclaiming the Glories of the Supreme Lord Govinda. Endless Perfect Truths are expressed in few

**বহু যত্নে সেই পুঁথি লইয়া লেখাইয়া। 'অনন্ত-পদ্মনাভ' আইলা হরষিত হঞা॥**

আমার ইহা অপেক্ষা আর বক্তব্য নাই। আমি এইমাত্র বলি, যদি অতি প্রাচীন শাস্ত্রের মধ্যে এই শাস্ত্র গণিত হয়, তবে ইহা অতিশয় অপূর্ব্ব কৃষ্ণভক্তির প্রমাণ-স্থল। যদি কেহ বলেন যে, এ প্রদেশে এ শাস্ত্র নাই, সুতরাং শ্রীশ্রীমহাপ্রভুই ইঁহার রচয়িতা। ইহা যদি স্থির হয়, তবে আর অধিক সুখের বিষয় কি? কেননা শ্রীমহাপ্রভুর রচিত কোন সিদ্ধান্তগ্রন্থ পাইলে বৈষ্ণবজগতে আর সংশয় মাত্র থাকে না। যেরূপেই বিবেচনা করুন, এই ব্রহ্মসংহিতা-গ্রন্থ ভক্তমাত্রেরই পূজনীয়।

**—শ্রীভক্তিবিনোদ**

---

words. It is the essence of all Vaiṣṇava Scriptures.

"The Lord had that manuscript copied very carefully. Then He joyfully went to visit the Temple of Ananta-Padmanābha."

What more can I say than this? At least I may say that if this Scripture is reckoned as one of the most ancient Scriptures, then it is an unprecedented and truly authoritative source of the Teachings of *Kṛṣṇa-Bhakti,* Devotion for the Supreme Lord, Kṛṣṇa. Again, if it is suggested that this Scripture was not originally found in this province (Bengal), so it was actually authored by Śrī Śrī Mahāprabhu, what could be more happy for us? By obtaining any work of *siddhānta* written by Śrī Mahāprabhu, no trace of doubt can ever remain in the world of Vaiṣṇava thought. However one may consider it, this Holy Book, *Śrī Brahma-saṁhitā,* is worshippable to every devotee.

**—Śrī Bhaktivinoda**

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।

# আকৃষ্টের উপলব্ধি

শ্রীগৌরসুন্দরকর্ত্তৃক আহৃত শ্রীব্রহ্মসংহিতার প্রচার আর্য্যাবর্ত্তে ছিল না,—ইহাই প্রকাশ। আর্য্যাবর্ত্তে নৈমিষ-সাহিত্য সাত্বত-সংহিতারই প্রচার ছিল। 'ব্রহ্ম'-শব্দে বেদ ও বেদপ্রতিপাদ্য বাস্তব বস্তুকে বুঝায়। সেই বেদপ্রতিপাদ্য বাস্তব বস্তুই পুরুষোত্তম। যে-স্থলে অপৌরুষেয় শব্দ পুরুষোত্তমকে লক্ষ্য না করিয়া প্রাকৃত-নিরাসকল্পে ব্যবহৃত হয়, সে-স্থলে তাদৃশী উপলব্ধি তাটস্থ্য-ধর্ম্মে অবস্থিতা।

শ্রীচতুর্ম্মুখ-ব্রহ্মা অপৌরুষেয় সংহিতাসমূহ হইতে অনাত্ম-বিচার পরিত্যাগ

---

All Glory to the Divine Master
and the Supreme Lord Śrī Kṛṣṇa Chaitanya

# Feelings of Appreciation

It is no secret that prior to its discovery by Śrī Gaurasundar, *Śrī Brahma-saṁhitā* was not propagated in India as was the Great Literature previously expounded in the forest of Naimiṣa—the Transcendental Treatise *Śrīmad-Bhāgavatam.* The word *Brahma* (or *Brahman*) means the *Vedas* and the Substantial Reality established by the *Vedas*; and the Substantial Reality established by the *Vedas* is *Puruṣottama,* the Ultimate Predominant or Male Personality. Any philosophy that ignores the Ultimate Personality while adopting the term *apauruṣeya,* meaning 'divine,' 'supramundane' or 'superhuman' in order to disprove mundane conceptualization, must need fall within the category of peripheral doctrines or religions.

করিয়া পুরুষোত্তম ভগবদ্‌বস্তুর যে ভক্তিকথা হৃদয়ে লাভ করিয়াছিলেন, তাহাই ব্রহ্মসংহিতাকারে অধ্যায়-শতকে বর্ণিত হইয়াছে। তন্মধ্যে এই পঞ্চম অধ্যায় জীবের পরম-উপযোগী বলিয়া গৌড়ীয়ের পরমারাধ্য হইয়াছে। বিশেষতঃ শ্রীব্রহ্ম-সম্প্রদায়ের বিচারে শ্রীমদ্ভাগবতের মূল-চতুঃশ্লোকীতেই ভগবদনুগ্রহ-ক্রমে বাস্তব-সত্যের প্রকাশ হইয়াছে।

পুরুষোত্তম-বস্তু প্রাকৃত ইতর-পুরুষের ন্যায় সমপর্য্যায়ে গণিত হন না। উভয়ের প্রভেদ এই যে, প্রকৃতির পরমেশ্বর পুরুষোত্তম শ্রীকৃষ্ণ, আর প্রকৃতির

---

Beyond even any consideration of mundanity, the Teachings of Devotion for the Supreme Reality—the Supreme Personality of Godhead—that were revealed within the heart of four-headed Brahmā from the Supramental Anthologies *(Vedas),* have been described in the one hundred chapters that form the Treatise *Brahma-saṁhitā.* As this fifth chapter is supremely beneficial for the soul it has come to hold the Most Worshippable position for the *Gauḍīya Vaiṣṇavas* or faithful devotees in the line of Śrī Chaitanyadev. In this respect it is noteworthy that in the Philosophy of the Divine Succession stemming from Lord Brahmā, by the Grace of the Supreme Lord, the Substantial or Axiomatic Truth has been revealed within the fundamental four *ślokas (catuḥ-ślokī)* of *Śrīmad-Bhāgavatam.*

There is no question of the Supreme Personality or Predominator, Puruṣottama, being of the same category of any other persons or predominators (males or *puruṣas*) of this mundane world. They are clearly distinct from one another in that the Supreme Personality of Godhead Śrī Kṛṣṇa is in all respects the Absolute Lord or Predominator



পরমবাধ্য জীব এবং তাহার কেবল প্রাকৃত-পরিচয়ের সহিত ভগবদ্দর্শন-বিষয়ে অপৌরুষেয়-শব্দ ব্যবহৃত। সাত্বত-সংহিতার আদি শ্লোকে* যে শ্রীধামের উল্লেখ আছে, তাহা প্রাকৃত ব্যাপার-সংশ্লিষ্ট নহে। 'ধাম'-শব্দের অর্থ—আশ্রয় ও আলোক। আলোকরহিত দর্শন সম্ভব নহে। দর্শনের উপাস্য দৃশ্য আলোকাধারে পুরুষাকারে প্রতিষ্ঠিত। প্রকৃতির অন্তর্গত পুরুষ-পরিচয়ে যে নশ্বর

---

*সাত্বত-সংহিতা শ্রীমদ্ভাগবতের আদি শ্লোক—

জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎ সূরয়ঃ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র ত্রিসর্গোঽমৃষা
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি॥

---

of the female or predominated factor *(prakṛti),* while the living being or *jīva* is tightly shackled by the predominated factor in the shape of material nature, and only through his identification with the mundane plane must he refer to the revelation of the Supreme Lord as 'supramundane.' *Śrī Dhāma,* mentioned in the first *śloka*† of the *Śrīmad-Bhāgavatam,* has no association with the affairs of the mundane world. The meaning of the word *dhāma* is 'refuge' and 'light.' Nothing is visible without the help of light. The

---

†जन्माद्यस्य यतोऽन्वयादितरतश्चार्थेष्वभिज्ञः स्वराट् तेने ब्रह्म हृदा य आदिकवये मुह्यन्ति यत्सूरयः।
तेजोवारिमृदां यथा विनिमयो यत्र त्रिसर्गोऽमृषा धाम्ना स्वेन सदा निरस्तकुहकं सत्यं परं धीमहि ॥

"This world's creation, sustenance and annihilation is effected by the positive and negative assertion of the Supreme Lord; in His Supremacy He is the Omniscient, Perfect Perception is axiomatic in Him, and He incites the inspiration in the intellect of the primeval poet Lord Brahmā in order to reveal the Substantial Reality within his heart; all the gods headed by Indra are bewildered in trying to comprehend Him; as in a mirage, by interaction the mutual exchange of the qualities of fire, water and earth create the appearance of another truth, similarly, the existence

আপেক্ষিক সম্বন্ধ দেখা যায়, তদতীত সম্বন্ধে অপ্রাকৃত-ব্যোমে আলোকেরও অধিষ্ঠানের নৈরন্তর্য্য অবস্থিত।

নির্ব্বিশিষ্ট বিচারে আলোকের যে দ্রষ্টৃদৃশ্যভাব একীভূত, উহা প্রাকৃতরাজ্যের অসম্পূর্ণ, অনুপাদেয় পরিমিতির উপর অধিষ্ঠিত। মায়াশক্তি, তাহার ঈশ্বর অমিতশক্তি মহেশ্বরের (বিষ্ণুর) বৈকুণ্ঠত্ব খর্ব্ব করিতে সমর্থা নহেন। এই গ্রন্থের পঞ্চমাধ্যায়-বর্ণিত বিষয়ে নির্ব্বিশিষ্ট জাগতিক বিচার নিরস্ত হইয়াছে।

---

basis of the light which is to be worshipped and seen within revelation has been established to be of the nature of a *person.* Beyond the mutable, conditional relativity found within the mundane conception of 'personality,' the eternality of the Personal Mainstay of light itself is situated in the Divine Realm.

The viewpoint of nondifferentiation, where the seer and seen are ultimately considered to be one, is ruled by the incomplete, unwholesome measure of the mundane kingdom. *Māyā-śakti,* or the mundane charming-cum-deluding potency, has not the power to restrict the Infinity of her Lord of immeasurable Potency, Maheśvara (Viṣṇu). In describing the Worshippable Object of the fifth chapter of this book, the fallacious and mundanely fabricated philosophy of non-differentiation has been disproved.

---

of the mundane qualities of *sattva, rajaḥ* and *tamaḥ* or illumination, flux and inertia, appears as factual truth in Him although in actuality He is the One within whom mundanity is impossible; deception can never exist within Him. We meditate upon that Supreme Lord, whose very Nature is the Embodiment of Truth. [We worship that Supreme Truth's Own Self, the Lord of Gokula-Vraja-Dhāma, Śrī Kṛṣṇa, by practising our heart's remembrance of His Divine Name, chanting His Glories and always absorbing our thoughts in His Form, Qualities and Pastimes.]"



জাগতিক বিচারে যে নিমিত্ত ও উপাদান-কারণ-বর্ণনে অশ্লীলতা-দোষের আরোপ দেখিতে পাওয়া যায়, তাদৃশ বিচার নিরসন-কল্পে ব্রহ্মসংহিতারই উদ্দিষ্ট তাৎপর্য্য গ্রহণীয়। এই গ্রন্থ যে কেবল অশ্লীল উপকরণে অশ্লীলজনের চিত্তের উল্লাস-বিধানার্থ পরিকল্পিত হইয়াছে, এরূপ নহে; পরন্তু অশ্লীলভাবে বিকারযোগ্য দুর্ব্বলগণের বল-লাভের জন্যই উদ্দিষ্ট, জানিতে হইবে।

ভগবদ্বস্তুর বাস্তব দর্শন এবং অবাস্তব-দর্শনে অপর চারিপ্রকার বিচার সম্পুষ্ট হওয়ায় ভগবদ্বস্তু কিরূপ অবৈধভাবে দৃষ্ট হইয়া পঞ্চোপাসনা সৃষ্টি করিয়াছে, তাহা সুষ্ঠুভাবে বুঝাইবার জন্য পরিশিষ্টে যে পাঁচটি শ্লোক এই অধ্যায়ে সন্নিবিষ্ট, তাহা পাঠ করিলে সুদর্শন-কৃপায় নিত্য অভিজ্ঞতা-লাভ ঘটিবে। তখন আর

---

The purport traced in *Brahma-saṁhitā* is most favourable in saving us from the mundane view's ascription of vulgarity to the creative conception when elucidated in terms of efficient or material and instrumental causes. This Book is utterly devoid of the lowly connotations that would titillate the poor minds of those obsessed with vulgarity. Rather, we must know that the aim of this Holy Text is to provide new strength and relief to those sapped of their vital energy through their perverse tendencies.

By the mercy of Perfect Philosophy *(sudarśana),* a study of the five concluding *ślokas* of the Book will afford us our eternal wisdom, being intended to meticulously teach us the genuine revelation of the Supreme Element of Godhead while elucidating how that Element is observed distortedly through emphasis on the alternative fourfold doctrines (of *dharmma, artha, kāma* and *mokṣa*—religiosity, material gain, material desire and liberation), bringing about the doctrine of fivefold worship *(pañcopāsanā).* With the advent

শ্রীধামের বিরোধী হইয়া নির্ব্বিশিষ্টবাদ প্রচার করিতে হইবে না।

দেবীধাম ও মহেশধামের অতীত নিরস্তকুহক স্বধাম পরব্যোমের বৈশিষ্ট্য সৌভাগ্যক্রমেই উদিত হয়। পরাৎপর সদানন্দ-বিচারে কোন আপেক্ষিক কৈতব আশ্রয় না করায়, উহা প্রকৃতির অতীত ব্যাপার। তদ্বিষয়ক বর্ণন অপৌরুষেয়সংহিতা-নামে কথিত। অভিধেয়-সাধন-ভক্তিপ্রভাবে মলিনচিত্ত জনগণের জড়ভোগ হইতে মুক্তির সম্ভাবনা আছে। জড়ে প্রবৃত্ত ভোগী ভক্তি আশ্রয় করিতে অসমর্থ। তাহাদের কর্ম্মালানে প্রপীড়িত হইবার যোগ্যতা বর্ত্তমান। কামদেবের গান ব্যতীত জীবের ভোগবাসনোত্থ কাম নিরস্ত হইতে

---

of such eternal wisdom in the heart, one may no longer harbour animosity toward the Holy Abode, *Śrī Dhāma,* and the need for asserting oneself by preaching the doctrine of nondifferentiation will no longer be felt.

It is through good fortune that one may experience, beyond the planes of Devī-dhāma and Maheśa-dhāma, the Transcendental variegatedness of the Divine Realm that is the Lord's Personal Abode—the Plane where deception cannot stand. Without depending on the deceit inherent to the conditional plane, in the consideration of Eternal Joy in God's Transcendence we shall find His Realm to be the Affairs of the Transcendental. So the Treatise that describes all these Transcendental subject matters is known as *Apauruṣeya-saṁhitā.* It is possible for persons of impure heart to be relieved of mundane enjoyment by the power of practising devotional life *(sādhana-bhakti).* Persons absorbed in mundane enjoyment or exploitation are unable to take refuge in Devotion or *Bhakti.* They are ever afflicted, being tied to the stake of their mundane deeds *(karmma).*



পারে না। কিন্তু ইতরকামের সহিত কামদেবকে সমপর্য্যায়ে গণনা করিলে হিতে বিপরীত হইবে। যেকালে আমরা শ্রীচতুর্ম্মুখ ব্রহ্মার অনুবর্ত্তী হইয়া ভগবৎপ্রসাদ লাভ করিব, এবং আমাদের কৃষ্ণস্তুতিগান-ফলে ভগবানের প্রীতিভাজন হইতে পারিব, তৎকালে আমাদের 'ব্রহ্মসংহিতা'-পাঠের সাফল্য-লাভ ঘটিবে।

তৎকালে আমরা জানিতে পারিব যে, ঐশ্বর্য্যপ্রধান বাস্তব-পুরুষোত্তমের সেবার পরমোচ্চ-স্থানে মাধুর্য্যময়-বিগ্রহ শ্রীরাধাগোবিন্দ-গৌরতনু অবস্থিত। সেই গোলোকের নিম্নার্দ্ধে সার্দ্ধদ্বিবিধ রস অবস্থিত। তন্নিম্নে মহেশধাম এবং তন্নিম্নে প্রাকৃত চতুর্দ্দশভুবনাত্মক দেবীধাম অবস্থিত। দেবীধামবাসী

---

They cannot be relieved of the obsession for mundane lust by any other method than singing the Glories of Kāmadeva, the Transcendental Lord of all Desires. But an adverse fruit will come to those who consider Kāmadeva in the same category as their illicit lust. When we attain the Mercy of the Supreme Lord by faithfully following the four-headed Lord Brahmā, and when we become fit recipients of the Supreme Lord's Grace as a result of singing with a pure heart the Divine Songs of His unending Glories, at that moment we shall know the genuine fruition of our reading, recitation or singing of *Brahma-saṁhitā.*

Then we shall be able to know that in the highest Plane of Divine Service *(Sevā)* to the Factual Supreme Godhead is found Reality the Beautiful Śrī Rādhā-Govinda in the Selfsame Form of Śrī Gaura. The lower hemisphere of the Divine Abode Goloka is the Plane of two and a half of the total five Divine Serving Dispositions *(Rasas).* Situated below that is the Abode called Maheśa-dhāma and below

ব্রহ্মাণ্ডের পথিকগণের কামনা মহেশধামে অপসারিত হইয়াছে। মহেশধামের নিষ্কাম ধারণা সেবা-শতমুখীদ্বারা সর্ব্বদা নীরাজিত। সেই শতমুখী ব্রহ্মসংহিতা পঞ্চম-পুরুষার্থ-বর্ণনে শ্রীরাধাগোবিন্দের প্রেমামৃত-সীমা বর্ণন করিয়াছেন এবং সেই অমৃত-সংগ্রহকারী শ্রীগৌরসুন্দর জগজ্জীবকে উহা বিতরণ করিয়া মহাবদান্যতা-গুণ ও শ্রীকৃষ্ণপ্রেমপ্রদানলীলা প্রদর্শন করিয়াছেন।

—শ্রীসিদ্ধান্তসরস্বতী

---

Maheśa-dhāma is the material world of fourteen planes called Devī-dhāma. The worldly desires of the residents of Devī-dhāma who wander throughout the universe are withdrawn in Maheśa-dhāma. But Maheśa-dhāma's conception of desirelessness is illuminated by the purifying agent of Service. That purifying agent in the Form of this *Brahma-saṁhitā* has revealed the Acme of Nectarine Love for Śrī Rādhā-Govinda by elucidating the fifth aim of human life; and the gatherer of that Nectar, Śrī Gaurasundar, the Beautiful Golden Lord, has distributed it to the souls in this world, showing us His Nature of Supreme Magnanimity and His Pastimes of bestowing the most precious Gift of Divine Love for Kṛṣṇa.

**—Śrī Siddhānta Saraswatī**

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

# অবতরণিকা

ভুবনমঙ্গল অবতার ভগবান্ শ্রীশ্রীনিতাই-চৈতন্যদেবের অহৈতুকী কৃপাকর্ষণে যেদিন পরমারাধ্য শ্রীল গুরুমহারাজ ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেব-গোস্বামী মহারাজের শ্রীচরণাশ্রিত হইবার সৌভাগ্য লাভ করিয়াছিলাম তখন হইতেই তাঁহার অপারকরুণায় প্রকৃত ব্রহ্ম-জিজ্ঞাসা করিবার প্রেরণা হৃদয়ে জাগ্রত হইয়াছিল এবং শ্রীশ্রীমৎ রূপ-গোস্বামী প্রভুপাদের ভজনের ক্রমবিকাশ-নির্দ্দেশক "আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গঃ" শ্লোকটির 'আদৌ শ্রদ্ধা'র ভিত্তিভূমিতে প্রবেশাধিকার পাইতে হইলে যে প্রারম্ভিক যোগাযোগ বা মঙ্গলসূত্রের প্রয়োজন তাহাও অহৈতুকী করুণাময় তিনিই প্রদান করিয়াছিলেন। মূলতঃ তাঁহারই কৃপায় তখন হইতেই "তদ্বিদ্ধি

---

All Glory to the Divine Master
and the Supreme Lord Śrī Kṛṣṇa Chaitanya

# Prologue

Ever since the day that I, by the causeless Grace of the All-Auspicious Descent of the Supreme Lord in the Forms of Śrī Śrī Nitāi-Chaitanyadev, attained the shelter of the lotus feet of my Most Worshippable Śrīla Guru Mahārāj Oṁ Viṣṇupād Paramahaṁsa Śrī Śrīmad Bhakti Rakṣak Śrīdhar Dev-Goswāmī Mahārāj, by his boundless Mercy the inspiration for the genuine search for the Ultimate Truth was awakened in my heart; and further, that causelessly gracious Śrīla Guru Mahārāj gave me that initial connection, the vital link that enables us to attain the qualification to enter into the basic land of faith *(ādau śraddhā)* in

প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ।।" —এই গীতোপনিষদ্বাণীর সাক্ষাৎ রূপায়ণ অনুভবের সৌভাগ্য লাভ হইয়াছিল। উপনিষদেও আছে— "তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎ-পাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্ ।"

কি পারমার্থিক কি ব্যবহারিক জগতে—যে কোন বিষয়ের সুষ্ঠু অভিজ্ঞান

---

accordance with Śrī Śrīmat Rūpa Goswāmī's guiding verse for the progressive life of Divine Service *(bhajana),* आदौ श्रद्धा ततः साधुसङ्गः *ādau śraddhā tataḥ sādhu-saṅgaḥ*. From that very time, I, by his Grace, got the fortune of having this message of *Gītopaniṣad* take its tangible shape in my heart: तद्विद्धि प्रणिपातेन परिप्रश्नेन सेवया। उपदेक्ष्यन्ति ते ज्ञानं ज्ञानिनस्तत्त्वदर्शिनः ॥ *tad viddhi praṇipātena paripraśnena sevayā, upadekṣyanti te jñānaṁ jñāninas tattva-darśinaḥ*—"Satisfy the enlightened Guru with your prostrate obeisances, reasonable enquiries and sincere service, and you will be able to realize the Knowledge I have spoken of. The great souls who are adept in the Scriptures and endowed with direct experience concerning the Supreme Spirit, *Param Brahman,* will teach you." Similarly, it is also mentioned in the *Upaniṣads:* तद्विज्ञानार्थं स गुरुमेवाभिगच्छेत् समित्पाणिः श्रोत्रियं ब्रह्मनिष्ठम्। *tad vijñānārthaṁ sa gurum evābhigacchet samit pāṇiḥ śrotriyaṁ brahma-niṣṭham*—"To attain specific (Devotional) Knowledge of the Supreme Lord, one aspiring for auspiciousness must bring offerings, and approach, by his thought, word and deed, a genuine Guru who is versed in the purport of the *Vedas* and who knows the Reality of Kṛṣṇa."

Whether in the Divine World or in the ordinary world,



লাভ করিতে হইলে সেই সেই বিষয়ের স্পেশ্যালিষ্ট্ বা বিশেষজ্ঞের অর্থাৎ সদ্‌গুরুর শরণাপত্তি অবশ্যম্ভাবী। বস্তুতঃ পক্ষে সদ্‌গুরুর কৃপা ব্যতীত সেই দিব্যজ্ঞান-লাভের আর অন্য কোন উপায় নাই। এবং সেখানে শরণাগতির তারতম্যানুসারে জ্ঞানলাভেরও তারতম্য হইয়া থাকে।

আদিকবি পদ্মযোনি ভগবান্ চতুর্ম্মুখ শ্রীব্রহ্মা আমাদের সম্প্রদায়ের মূল গুরু। সুতরাং তদনুভূত, তদারাধ্য ও তৎপ্রদর্শিত চিন্ময় আলোকবর্ত্তিকায় ব্রহ্ম-সম্প্রদায় স্বতঃই উদ্ভাসিত। তিনি প্রথমতঃ শ্রীভগবৎ কৃপায় ভগবানের দিব্যা-সরস্বতীর দ্বারা অষ্টাদশাক্ষর শ্রীকৃষ্ণমন্ত্রে উপদিষ্ট ও তপোনিষ্ঠ হইয়া তাহা সুষ্ঠু মননের দ্বারা উপাস্যতত্ত্বের প্রসন্নতা লাভ করিলে অদ্বয়জ্ঞান-তত্ত্বের আকরবিগ্রহ লীলাকল্লোলবারিধি আদিগুরু ভগবান্ শ্রীকৃষ্ণের বংশীধ্বনি-নিঃসৃত (মুরলীষ্টকীর্ত্তনধনং) কামগায়ত্রী মন্ত্রে তৎকর্ত্তৃক দীক্ষিত ও সংস্কৃত হইয়া দ্বিজত্ব

---

in order to properly learn whatever subject we wish, we must take the shelter of a specialist—a genuine teacher. Actually, there is no way to achieve Divine Knowledge without the Grace of the genuine Divine Master, and that Knowledge will manifest according to the degree of one's surrender.

The primeval poet, four-headed Lord Brahmā who was born from the universal lotus flower, is the original Guru of our Divine Succession. So this Divine Succession stemming from Lord Brahmā is naturally illuminated by the Divine Light of his perception, his worship and his revelation. In the beginning, by the Grace of the Supreme Lord, through the agency of His Divine Sound Vibration (Divyā Saraswatī), Lord Brahmā was taught the eighteen-syllabled Śrī Kṛṣṇa *Mantra* and he practised penances in pursuance of cultivating that *Mantra*. He propitiated his Worshippable

লাভ করেন। অর্থাৎ তৎপ্রভাবে তাঁহার দ্বিতীয় জন্ম লাভ বা অপ্রাকৃত জগতের সম্পূর্ণ আবরণ তাঁহার নিকট উন্মোচিত হয়। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর লিখিয়াছেন—"অষ্টদশাক্ষর মন্ত্রের পর যে গায়ত্রী লাভ হয় সে কাম-গায়ত্রী . . . . এই গায়ত্রীতে শ্রীগোপীজনবল্লভের পরিপূর্ণ ধ্যানানন্তর তদীয় লীলার অধ্যাস এবং সেই অপ্রাকৃত অনঙ্গ-লাভের প্রার্থনা উদ্দিষ্ট। চিজ্জগতে ইহা অপেক্ষা উৎকৃষ্ট রসাশ্রিত প্রেম-চেষ্টা আর নাই।"

ভগবান্ ব্রহ্মা সেই গায়ত্রীর নিরন্তর অনুধ্যান ও অনুকীর্ত্তন প্রভাবে তত্ত্ব-

---

Object by his perfect meditation, and he was raised to the twice-born status by being initiated and purified by the Lord's Divine Flute Song emanating *(muralīṣṭa-kīrttana-dhanaṁ)* as the Kāma-Gāyattrī *Mantra.* He was thus initiated by the Original Guru of Gurus who is like a vast rolling ocean of the waves of Divine Pastimes—the Matchless Reality in Person—the Supreme Lord Śrī Kṛṣṇa. In other words, by the Potency of that function he attained to his second birth—the Divine Realm was completely unveiled before him.

Śrīla Bhaktivinoda Ṭhākur has written, "Kāma-Gāyattrī . . . is the Gāyattrī taken after the eighteen-syllabled *Mantra* . . . . In this Gāyattrī is indicated the realization of the *Līlā* or Divine Pastimes of Śrī Gopījanavallabha, the Beloved of the Gopīs, after complete meditation upon Him; and the prayer to attain to (the Service of) that Transcendental Cupid. In the entire Transcendental World there is no higher pursuit for Divine Love in the shelter of an Ecstatic Relationship with Him."

Empowered by faithfully meditating upon and singing



বিজ্ঞান-সাগরে যথেচ্ছ বিচরণ করিতে করিতে যে সমস্ত অখিল বেদসার বাক্যদ্বারা শ্রীগোবিন্দের স্তব করিয়াছিলেন তাহাই মূলতঃ শতাধ্যায়ী শ্রীব্রহ্ম-সংহিতার পঞ্চমাধ্যায়। অধিকন্তু ইহার অনুপঠনে সমগ্র চিদচিদ্ বিশ্বের প্রকাশ, অবস্থিতি ও প্রবাহ সম্বন্ধেও একটি স্বচ্ছ ধারণা ভাগ্যবান্ শ্রদ্ধালু সজ্জনগণের উপলব্ধির বিষয় হয়।

স্বীয় অচিন্ত্যভেদাভেদ-সিদ্ধান্তের ছত্রছায়ায় আশ্রয়প্রদাতা মহাবদান্য অবতারী ভগবান্ শ্রীকৃষ্ণ-চৈতন্যদেব নিখিলশ্রুতিমৌলিরত্ন-মালাদ্যুতি-নীরাজিত-পাদপঙ্কজান্ত শ্রীশ্রীল গোবিন্দদেবের স্তব-সমৃদ্ধ এই শ্রীব্রহ্মসংহিতা-পঞ্চমাধ্যায়ে তৎপ্রদর্শিত সিদ্ধান্তালোকের সম্পূর্ণ প্রতিফলন লক্ষ্য করিয়া পরমানন্দ লাভ করিয়াছিলেন এবং পরম আদরের সহিত দক্ষিণদেশ হইতে

---

that Gāyattrī, Lord Brahmā freely wandered throughout the length and breadth of the Ocean of Truth; and his prayers in glorification of Śrī Govinda, which are the Quintessence of all the *Vedas,* are the basis of the fifth of the hundred chapters of *Śrī Brahma-saṁhitā.* Moreover, the fortunate, faithful virtuous souls can enter into a crystal-clear conception of the entire mundane world's and Transcendental World's manifestation, existence and flow, by reading or singing this Hymn with due regard and devotion.

The Supremely Magnanimous Source of all *Avatāras,* the Bestower of shelter in the shade of the umbrella of His Own Perfect Philosophy *(siddhānta)* of Inconceivable Oneness and Distinction *(Acintya-bhedābheda)*—the Supreme Lord Śrī Chaitanyadev—was filled with Divine Ecstasy upon observing the perfect reflection of the Light of the Perfect Philosophy revealed by the fifth chapter of *Śrī*

সেই পুঁথি স্বহস্তে আনয়ন করিয়া ভক্তগণের শ্রীহস্তে তুলিয়া দিয়া পরিতৃপ্ত হইয়াছিলেন। শ্রীল কৃষ্ণদাস কবিরাজের ভাষায়—

"সিদ্ধান্তশাস্ত্র নাহি 'ব্রহ্মসংহিতা'-সমান। গোবিন্দমহিমা-জ্ঞানের পরম কারণ॥
অল্প অক্ষরে কহে সিদ্ধান্ত অপার। সকল-বৈষ্ণবশাস্ত্র-মধ্যে অতি সার॥"

এস্থলে আর একটি বিষয় উল্লেখ করা অবশ্যই প্রয়োজন মনে করি। শ্রীমন্মহাপ্রভু যেমন শ্রীমদ্ভাগবত-পঠন বিষয়ে জানাইয়াছেন—"যাহ ভাগবত

---

*Brahma-saṁhitā* rich with the Songs of the Glories of Śrī Śrīla Govindadev, the Tips of the Toes of whose Lotus Feet are eternally illuminated by the *ārati* or worship offered by the radiance of the crown-jewels of all the *Vedas*. With great Love, He brought in His Own Hand the manuscript of the Book from South India and joyfully offered it to the hands of the devotees. In the words of Śrīla Kṛṣṇadāsa Kavirāja we find:

"সিদ্ধান্তশাস্ত্র নাহি 'ব্রহ্মসংহিতা'-সমান। গেবিন্দমহিমা-জ্ঞানের পরম কারণ॥
অল্প অক্ষরে কহে সিদ্ধান্ত অপার। সকল-বৈষ্ণব-শাস্ত্র-মধ্যে অতি সার॥"

*siddhānta-śāstra nāhi 'brahma-saṁhitā'-samāna,*
*govinda-mahimā-jñānera parama kāraṇa.*
*alpa akṣare kahe siddhānta apāra,*
*sakala-vaiṣṇava-śāstra-madhye ati sāra.*

"As a Scripture embodying Perfect Truths, *Śrī Brahma-saṁhitā* has no equal; it is the Supreme Wisdom of the Glories of the Supreme Lord Govinda. Endless Perfect Truths are expressed in few words. It is the Quintessence of all Vaiṣṇava Scriptures."

I feel the need to mention just one more important point,



পড় বৈষ্ণবের স্থানে", সেই প্রকার শ্রীব্রহ্মসংহিতা গ্রন্থরাজ শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের আনুগত্যে পঠন-পাঠনে যত্নবান্ হওয়া সকলেরই অবশ্য কর্ত্তব্য। কেননা তিনি নানাশাস্ত্রবিচারণৈকনিপুণ শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়-সংরক্ষক আচার্য্য-সম্রাট শ্রীল শ্রীজীব-গোস্বামীর টীকার আনুগত্যময় তাঁহার নিজস্ব দিব্যানুভূতিতে প্রস্ফুটিত যে সুকোমল সিদ্ধান্ত-কমলে সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীগোবিন্দের পাদপদ্ম নীরাজন করিতে করিতে ভক্তগণের সুখ বর্দ্ধন করিতেছেন—তাহাই প্রকৃত অনুসন্ধিৎসু ও ঐকান্তিক ভজনশীল সারস্বত-গৌড়ীয়গণের একমাত্র নিরাপদ আশ্রয়।

---

regarding our reading *Śrīmad-Bhāgavatam* as Śrīman Mahāprabhu has had it made known to us: "যাহ ভাগবত পড় বৈষ্ণবেব স্থানে" *yāha bhāgavata paḍa vaiṣṇavera sthāne*—"Go and learn the *Bhāgavat* from a Vaiṣṇava." Taking the gist of this instruction to heart, it is definitely everyone's duty to give careful attention to their supreme benefit by singing and preaching this King of Holy Books, faithfully following the path chalked out by Śrīla Sachchidānanda Bhaktivinoda Ṭhākur; because faithfully following the commentary of that great King of *Ācāryyas,* the Guardian of the Śrī Brahma-Mādhva-Gauḍīya *Sampradāya,* Śrīla Śrī Jīva Goswāmī—Śrīla Bhaktivinoda Ṭhākur has brought ever-increasing joy to the hearts of the true devotees by illuminating the Lotus Feet of *Saccidānanda-vigraha* Śrī Govinda, the Embodiment of Truth, Consciousness and Joy, in the tender lotus flower of Perfect Truths that has been brought to bloom in his personal Divine Revelations. This is the unique, safe refuge for the sincere seekers and also the exclusive Sāraswata-Gauḍīya-Vaiṣṇavas who are already

শ্রীগৌর-কারুণ্য-বিগ্রহ পরমগুরুপাদপদ্ম ওঁ বিষ্ণুপাদ সপার্ষদ শ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপায় আজ সমগ্র বিশ্বের ভাগ্যবান্ জীবগণ শ্রীগৌর-সংকীর্ত্তনে প্রমত্ত হইয়া শ্রীগৌরহরির জয়ধ্বনি করিতে করিতে ও তৎ প্রবর্ত্তিত হরেকৃষ্ণ মহামন্ত্রের আনন্দসাগরে ভাসিতে ভাসিতে লক্ষ্মী-সহস্রশতসম্ভ্রমসেব্যমান শ্রীশ্রীরাধাগোবিন্দের প্রেম-সেবাভিলাষে দিব্যচিন্তামণি-ধামের প্রতি অগ্রসর হইতেছে, এই গ্রন্থরাজ তাঁহাদের সকলের জীবন-রসায়নরূপে আরও বলদান করিবে—সেই ভরসায় আমাদের এই গ্রন্থ আন্তর্জাতিক ইংরাজী ভাষায় প্রকাশ প্রচেষ্টা। শ্রীল প্রভুপাদের ভাষায় বলিতে দিলে বলিতে পারি "অভক্ত প্রয়াস, দেখিয়া না হাস, ইহা গুরু-গৌর-দাস্য।"

---

conversant with the Art of Divine Service.

By the Grace of our Grand-Guru, the Embodiment of Śrī Gaura's Grace—Oṁ Viṣṇupād Śrīmad Bhakti Siddhānta Saraswatī Goswāmī Prabhupāda—and his Personal Associates, we now find that fortunate souls the world over have become intoxicated with *Śrī Gaura-Saṅkīrttana.* In this way singing and singing the Glories of Śrī Gaurahari, floating and floating down the Ocean of Joy of the Hare Kṛṣṇa *Mahāmantra* taught by Him, they are progressing towards the Divine Abode of Transcendental Touchstone in their divine aspirations for Loving Service unto the Divine Couple Śrī Śrī Rādhā-Govinda, who are ever attended by the Loving Service of hundreds of thousands of Lakṣmīs. This jewel of Holy Books, as the elixir of life of all such blessed souls, will fortify them more and more. With this faith we are attempting to bring this Book to light in the international English language. If I may quote Śrīla Prabhupāda's words, "অভক্ত প্রয়াস, দেখিয়া না হাস, ইহা গুরু-



পরমারাধ্য শ্রীল গুরুমহারাজের মনোঽভীষ্টপূরণকল্পে আমাদের এই বহু আকাঙ্ক্ষিত সেবাপ্রচেষ্টা অদ্য বাঞ্ছাকল্পতরু বৈষ্ণবগণের কৃপায় ফলবতী হওয়ায় আমরা সকলেই পরমানন্দিত।

বলা বাহুল্য এই গ্রন্থরাজের ইংরাজী ভাষায় অনুবাদাদি কার্য্য যে কত কঠিন তাহা অভিজ্ঞ ব্যক্তি মাত্রেরই অনুভূতি-বেদ্য। কিন্তু আমাদের পরম-বান্ধব ও শ্রীল গুরুমহারাজের একান্ত স্নেহভাজন তথা শ্রীমঠের পাশ্চাত্যের ভারপ্রাপ্ত প্রচারকবর সর্ব্বজনবেদ্য ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তি আনন্দ সাগর মহারাজের দিবারাত্র অকৃত্রিম সেবা প্রচেষ্টায় তাহা সম্ভব হইয়াছে। এবং তিনি অনুবাদ কার্য্যে মূলতঃ আমাদের পরমগুরুদেব জগদ্গুরু প্রভুপাদ শ্রীল ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের মাদ্রাজ গৌড়ীয় মঠ ও শ্রীচৈতন্যমঠ মায়াপুর হইতে প্রকাশিত যথাক্রমে ইংরাজী ও বাংলা সংস্করণের সকৃতজ্ঞচিত্তে সাহায্য

---

গৌর-দাস্য।" *abhakta prayāsa, dekhiyā nā hāsa, ihā guru-gaura-dāsya*—"Don't laugh to see this nondevotee's attempt, for he's trying to serve Guru and Mahāprabhu." With the aim of fulfilling the heart's desires of our Supremely Worshippable Śrīla Guru Mahārāj, today we are overjoyed because this greatly aspired-for service attempt has borne fruits by the mercy of the Vaiṣṇavas who are Transcendental wish-fulfilling trees incarnate.

Needless to say, the painstaking work of translation, etc., of this great Treatise can be appreciated by the learned. Still, our dear and close friend, to whom Śrīla Guru Mahārāj was so affectionate, and who has been given the responsibility of continuing and expanding our Śrī Maṭh's work in the Western countries, the well-known and qualified preacher Tridaṇḍi Swāmī Śrīpād Bhakti Ānanda Sāgar Mahārāj has, by his sincere serving efforts, day and night,

লইয়াছেন। শুধুমাত্র অনুবাদই নহে—তিনি ইহার প্রকাশনাদির সর্ব্ববিধ দায়িত্ব গ্রহণ ও তাহা যতদূর সম্ভব সুন্দর ও নির্ভূল করিয়া প্রকাশের যত্নের ত্রুটি রাখেন নাই, তবুও আমাদের অজ্ঞাতসারে যে ভ্রম প্রমাদাদি ঘটিতেই পারে তাহা অদোষদর্শী সারগ্রাহী বৈষ্ণবগণ ও শ্রদ্ধালু পাঠকগণেরও অজ্ঞাত নহে, কিন্তু তাঁহাদের স্বভাব ক্ষমাশীলতায় ঔদার্য্যের অভাব কখনও হয় নাই—ইহাই আমাদের একমাত্র ভরসা। এখানে শ্রীল গুরুমহারাজের ভাষায় তাঁহাদের সকলেরই শ্রীচরণ-বন্দনা করিয়া আমি আমার বক্তব্য শেষ করিতেছি।

"গ্রন্থার্থং জড়ধীহৃদি ত্বিহ মহোৎসাহাদিসঞ্চারণৈ
যৈষাঞ্চাত্র সতাং সতীর্থসুহৃদাং সংশোধনাদ্যৈশ্চ বা।
যেষাঞ্চাপ্যধমে কৃপা ময়ি শুভা পাঠাদিভির্বান্যথা
সর্ব্বেষামহমত্র পাদকমলং বন্দে পুনর্বৈপুনঃ ॥"

শ্রীচৈতন্য সারস্বত মঠ,
স্বর্গদ্বার, পুরী
রথযাত্রা দিবস (খৃ) ১৩/৭/৯১

শ্রীহরিজনকিঙ্কর
বিনীত—**শ্রীভক্তিসুন্দর গোবিন্দ**

---

fulfilled the task. For the basis of the translation he has felt himself fortunate to have been able to consult our Grand-Gurudev Jagad-Guru Prabhupāda Śrīla Bhakti Siddhānta Saraswatī Goswāmī Ṭhākur's Madras Gauḍīya Maṭh and Māyāpur Śrī Chaitanya Maṭh's English and Bengali editions respectively. He not only rendered the translation, but he accepted the entire responsibility of bringing the publication to light, and he has spared no pains in bringing it out in a beautiful and faultless form. Still, our unsuspecting errors, omissions, etc., may occur, as the essence-drinking, liberal Vaiṣṇavas and the devoted readers are not unaware of, yet we have full confidence that they never suffer any dearth of benevolence in their natural



forbearance. In conclusion, in the words of Śrīla Guru Mahārāj I would beg to offer my obeisances unto the lotus feet of them all.

"ग्रन्थार्थं जडधीहृदि त्विह महोत्साहादिसञ्चारणै-
र्येषाञ्चात्र सतां सतीर्थसुहृदां संशोधनाद्यैश्च वा ।
येषाञ्चाप्यधमे कृपा मयि शुभा पाठादिभिर्वान्यथा
सर्व्वेषामहमत्र पादकमलं वन्दे पुनर्वै पुनः ॥"

*granthārthaṁ jaḍa-dhī-hṛdi tv iha mahotsāhādi-sañcāraṇair*
*yeṣāñ cātra satāṁ satīrtha-suhṛdāṁ saṁśodhanādyaiś vā*
*yeṣāñ cāpy adhame kṛpā mayi śubhā pāṭhādibhir vānyathā*
*sarvveṣām aham atra pāda-kamalaṁ vande punar vai punaḥ*

"Those dear Godbrothers and true devotees who by bringing out this Book have given much life to my poor heart, or who have assisted in its refinement, or who may read it, or who have in any other way bestowed or may in the future bestow their auspicious goodwill upon this humble soul—I now offer my humble obeisances unto the lotus feet of them all."

Sri Chaitanya Saraswat Math,
Svargadvar, Puri, India.
Ratha-yātrā Day, 13th July, 1991

A humble servant
of the Lord's devotees,
**Śrī Bhakti Sundar Govinda**

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ ।

All Glory to the Divine Master
and the Supreme Lord Śrī Kṛṣṇa Chaitanya

# Translator's Note

I offer my humble obeisances unto the lotus feet of my *Dīkṣā-Guru* Oṁ Viṣṇupād Śrī Śrīla Bhaktivedānta Swāmī Mahārāj, unto the lotus feet of my *Param Śikṣā-Guru* Oṁ Viṣṇupād Śrī Śrīla Bhakti Rakṣak Śrīdhar Dev-Goswāmī Mahārāj, and unto the lotus feet of my *Śikṣā-Guru* Oṁ Viṣṇupād Śrī Śrīla Bhakti Sundar Govinda Mahārāj, Śrīla Śrīdhar Mahārāj's most beloved Intimate Servitor and Disciple, and his personally appointed Guardian-Servitor and President-Āchāryya for Śrī Chaitanya Sāraswat Maṭh, Nabadwip, India, with its centres internationally.

By their Grace, and by the Grace of the unalloyed devotees in their line, I was given the service of rendering into English this Holy Book *Śrī Brahma-saṁhitā* from the Bengali translation and elaborate commentary of the Most Venerable Oṁ Viṣṇupāda Śrī Śrīla Sachchidānanda Bhaktivinoda Ṭhākur [1838–1914], the great preacher of Unalloyed Devotion in this most exalted Divine Succession of Śrī Chaitanya Mahāprabhu. The work was first published in 1897, and also edited by our *Param Gurudev* Prabhupāda Śrīla Bhakti Siddhānta Saraswatī Goswāmī Ṭhākur. We are eternally indebted to those great Guides and Reformers who made spiritual history by illuminating the world by restating Śrīman Mahāprabhu's Teachings in their pure form in their vast literary contributions, their words and their





deeds. When will that day be mine when this lowly soul can render some service to the dust of their holy lotus feet?

The Divine Teachings of *Śrī Brahma-saṁhitā* can be at times intricate in their English rendering, especially for those who have had little or no previous acquaintance with the subject, so I have tried my utmost to portray the original concepts as simply and concisely as possible, inserting footnotes, etc., at relevant points to assist the readers.

I am ever indebted to all the kind devotees around the world for their valuable assistance and encouragement in consultation, editing and proofing. And I am bound by unceasing gratitude to my dear Godbrother Śrī Ananta Kṛṣṇa Prabhu, Director of Édisvíz Kiadó, Budapest, Hungary, who bore the entire cost of bringing out this most important publication.

Above all, Śrīla Govinda Mahārāj, by his Divine Affection and brilliant example of Divine Service to Śrīla Guru Mahārāj, is our eternal source of strength and inspiration. In offering this effort to the lotus hand of Oṁ Viṣṇupād Śrīla Govinda Mahārāj, I pray that His Divine Grace and the great souls of the *Guru-varga* and the pure devotees of the Lord may be satisfied, thus drawing the Grace of the Supreme Lord Śrī Kṛṣṇa Chaitanya.

Śrī Chaitanya Saraswat Math,
Nabadwip, India.
Appearance of Śrī Śrī Baladev,
25th August, 1991

A humble aspiring servant,
Swami B. A. Sagar

*Offered to the Lotus Hand of*

*Sri Acharyyadev His Divine Grace*

*Srila Bhakti Sundar Govinda*

*Dev-Goswami Maharaj*

*15th May, 1992*

*the Holy Appearance Day of*

*the Supreme Lord Sri Sri Nrsimhadev*

*On the year-long Golden Jubilee Festival of*

*Nabadwip Sri Chaitanya Saraswat Math*

*1991—1992*

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তি সুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজ
Oṁ Viṣṇupād Śrī Śrīla Bhakti Sundar Govinda Dev-Goswāmī Mahārāj

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ
Oṁ Viṣṇupād Śrī Śrīla Bhakti Rakṣak Śrīdhar Dev-Goswāmī Mahārāj



ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ
Oṁ Viṣṇupād Śrī Śrīla Bhakti Siddhānta Saraswatī Goswāmī Prabhupāda



নবদ্বীপ শ্রীচৈতন্য-সারস্বত মঠ
Nabadwip Śrī Chaitanya Sāraswat Maṭh

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বা-গোবিন্দসুন্দরজীউ
Śrī Śrī Guru-Gaurāṅga-Gāndharvvā-Govindasundarjīu



শ্যামসুন্দর কৃষ্ণ　Śyāmasundar Kṛṣṇa



হাপানিয়া শ্রীচৈতন্য-সারস্বত আশ্রম
Hāpāniyā Śrī Chaitanya Sāraswat Āshram



বর্ত্তমান যুগে শুদ্ধভক্তিসিদ্ধান্তধারার পুনঃ-প্রবর্ত্তক
ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর
The Great Pioneer of Pure Devotion in the present age
Oṁ Viṣṇupād Śrī Śrīla Sachchidānanda Bhaktivinoda Ṭhākur

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ
All Glory to Śrī Śrī Guru and Gaurāṅga

ওঁ বিষ্ণুপাদ শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত

# শ্রীশ্রীব্রহ্মসংহিতা-প্রকাশিনী-

বিবৃতি ও অনুবাদ
[মুখবন্ধ]

# *Śrī Śrī Brahma-saṁhitā Prakāśinī*
# Illumination

**Oṁ Viṣṇupād Śrīla Sachchidānanda Bhaktivinoda Ṭhākur**
*[His preface to his Bengali translation and commentary]*

---

প্রচুর-সিদ্ধান্ত-রত্ন সংগ্রহে বিশেষ যত্ন,
করি' ব্রহ্মা শ্রীকৃষ্ণে স্তবিল।
এই গ্রন্থে সেই স্তব, মানবের সুবৈভব,
পঞ্চম অধ্যায়ে নিবেশিল ॥
শ্রীগৌরাঙ্গ কৃপাসিন্ধু, কলি-জীবের এক বন্ধু,
দাক্ষিণাত্য ভ্রমিতে ভ্রমিতে।
এ 'ব্রহ্মসংহিতা'-ধন, করিলেন উদ্ধরণ,
গৌড়-জীবে উদ্ধার করিতে ॥

---

Lord Brahmā meticulously collected (compiled) this Gem, *Śrī Brahma-saṁhitā,* which is a vast mine of Perfect Conclusions or *siddhānta*; thus did Brahmā sing the unending Glories of Śrī Kṛṣṇa. These Holy Prayers are entered into the fifth chapter of the Book. They are the Supreme Wealth of humanity. On His travels throughout South India, Śrī Gaurāṅga, the ocean of Grace and supreme

নানা-শাস্ত্র বিচারিয়া,    তার টীকা বিরচিয়া,<br>
শ্রীজীবগোস্বামী মহোদয় ।<br>
শ্রীগৌড়ীয়-ভক্তগণে,    মহা-কৃপাপূর্ণ মনে,<br>
এ গ্রন্থ অর্পিলা সদাশয় ॥<br>
সেই ব্যাখ্যা-অনুসারে,    আর কিছু বলিবারে,<br>
প্রভু মোর বিপিনবিহারী ।<br>
আজ্ঞা দিলা অকিঞ্চনে,    এ দাস হর্ষিত মনে,<br>
বলিয়াছে কথা দুই চারি ॥<br>
প্রাকৃতাপ্রাকৃত ভেদি'*    শুদ্ধবুদ্ধি-সহ যদি,<br>
ভক্তগণ করেন বিচার ।

---

*ভক্তি-বলে যাঁহাদের 'প্রাকৃত' ও 'অপ্রাকৃত' ভেদ করিবার শক্তি জন্মিয়াছে, তাঁহারাই মাত্র এই 'প্রকাশিনী' গৌড়ীয়-ভাষা-বিবৃতির অধিকারী ।

---

friend of the souls blinded in the darkness of this age of Kali, retrieved this Divine Treasure of *Brahma-saṁhitā* just to deliver the souls surrendered unto Him. The Sanskrit commentary of this work flowed from the pen of Śrī Jīva Goswāmī Prabhu, who is acclaimed by the pious intelligentsia as the greatest philosopher the world has ever known. His commentary was evolved through deep study of the monumental archives of the established Vedic Scriptures. In his benevolence, the venerable Śrī Jīva gave this gift to the *Gauḍīya Vaiṣṇavas*.

Once my Divine Master, Śrī Bipin Bihārī Prabhu, instructed me to write, expanding on that commentary of Śrī Jīva Goswāmī Prabhu. So it is with a joyful heart that this humble servitor has presented a few words herein. If the devotees reflect on these writings with the pure theistic



কৃতার্থ হইবে দাস,    পূরিবে মনের আশ,<br>
শুদ্ধভক্তি হইবে প্রচার ॥<br>
ভক্তজন-প্রাণধন,    রূপ, জীব, সনাতন,<br>
তব কৃপা সমুদ্র-সমান ।<br>
টীকার আশয় গূঢ়,    যাতে বুঝি আমি মূঢ়,<br>
সেই শক্তি করহ বিধান ॥<br>
শ্রীজীব-বচনচয়,    পুষ্পকলি শোভাময়,<br>
প্রস্ফুটিত করিয়া যতনে ।<br>
গুরু-কৃষ্ণে প্রণমিয়া,    শুদ্ধভক্ত-করে দিয়া,<br>
ধন্য হই,—এই ইচ্ছা মনে ॥

---

intellect of distinguishing mundanity from transcendence,* the heart's desire of this servitor will be fulfilled, because Pure Devotion will be preached in the world.

O Śrī Rūpa, Śrī Jīva, Śrī Sanātana—thy Grace is like an ocean; you are life and soul for the devotees. The purport of the commentary is deep and unfathomable like the ocean, at the edge of which I stand benumbed. You must graciously ordain that the Divine Potency enter my words.

Bringing to bloom with great care the beautiful flower-buds which are the words of Śrī Jīva, and offering my prostrate obeisances unto the Divine Master and the Supreme Lord Śrī Kṛṣṇachandra, I shall know myself to be blessed when I can offer these flowers to the hand of the pure devotee. Such is my heart's aspiration.

---

*Those who, by the potency of *Bhakti*, have attained the strength to differentiate between the transcendent and the mundane are alone qualified to enter into the mysteries of this *Prakāśinī Gauḍīya* Commentary.

श्रीश्रीगुरुगौराङ्गौ जयतः
All Glory to Śrī Śrī Guru and Gaurāṅga

# श्रीश्रीब्रह्मसंहिता
# *Śrī Śrī Brahma-saṁhitā*

# Quintessence of Reality the Beautiful

### Verse 1

ईश्वरः परमः कृष्णः सच्चिदानन्दविग्रहः ।
अनादिरादिर्गोविन्दः सर्व्वकारणकारणम् ॥ १ ॥

---

*īśvaraḥ paramaḥ kṛṣṇaḥ saccidānanda-vigrahaḥ*
*anādir ādir govindaḥ sarvva-kāraṇa-kāraṇam [1]*

---

### ব্রহ্মসংহিতা-প্রকাশিনী

**অনুবাদ** । সচ্চিদানন্দ-বিগ্রহ গোবিন্দ কৃষ্ণই পরমেশ্বর । তিনি—অনাদি, সকলেরই আদি এবং সকল কারণের কারণ ॥১॥

**তাৎপর্য্য** । স্বীয় নিত্যনাম, নিত্যরূপ, নিত্যগুণ ও নিত্যলীলাবিশিষ্ট এক শ্রীকৃষ্ণই সর্ব্বোপরি বিরাজমান পরমতত্ত্ব । 'কৃষ্ণ'-নামটিই তাঁহার প্রেমাকর্ষণ-

---

### Illumination

**Translation:** The Supreme Lord, the Embodiment of Truth, Consciousness and Joy, is Govinda Kṛṣṇa. He is beginningless, the Origin of all that be, and the Cause of all causes. [1]

**Purport:** With His Personal Eternal Name, Eternal Form,

লক্ষণ পরমসত্তা-বাচক নিত্য নাম। সচ্চিদানন্দঘন দ্বিভুজ শ্যামসুন্দর মুরলীধর বিগ্রহই তাঁহার স্বীয় নিত্য রূপ। স্বীয় অচিন্ত্য-চিচ্ছক্তি-বলে বিভুত্ব-সত্ত্বেও মধ্যমাকারে সমস্ত (বস্তুর) আকর্ষক চমৎকারী চিন্ময়গুণ-করণাদি-বিশিষ্ট পরম-পুরুষত্ব সেই নিত্যরূপে সর্ব্ব-সামঞ্জস্যের সহিতই বিলক্ষিত। সৎ, চিৎ ও আনন্দ ঘনীভূত হইয়া তাঁহাতেই শোভমান। সেই স্বরূপের জগৎপ্রকাশ-গত অংশই 'পরমাত্মা', 'ঈশ্বর' বা বিষ্ণু। সুতরাং কৃষ্ণই একমাত্র পরমেশ্বর।

---

Eternal Qualities and Eternal Pastimes, Kṛṣṇa alone shines resplendent above all other entities as the Supreme. The Name 'Kṛṣṇa' is His Eternal Name that proclaims Him to be the Supreme Existence by His characteristic of attracting the Love of all beings. His Form of concentrated Truth *(sat),* Consciousness *(cit)* and Joy *(ānanda),* of two-armed humanlike feature and charming heavenly dark blue (Śyāmasundar) hue, holding the flute (Muralīdhar), is His Personal Eternal Character.

By the Power of His own inconceivable Potency, despite His Almighty Majestic Nature, in His charming medium-sized Form He attracts all that be; in that Eternal Form, His Nature as the Autocrat possessing miraculous Transcendental Qualities, Senses, etc., is unique with all-embracing harmony. Truth, Immortal Consciousness and Divine Ecstasy have their full glory in Him, with absolute concentrated intensity.

*Paramātman* the Omnipresent Supersoul, the Almighty God or *Īśvara*—Viṣṇu the Preserver—is but the Portion of His Intrinsic Self, manifest within the mundane world. Therefore Kṛṣṇa is the one and only Supreme Godhead or





অনন্ত চিন্ময় করণ ও গুণগণ পৃথক্ পৃথক্ হইয়াও তাঁহার অবিচিন্ত্যশক্তিক্রমে যথাযথ বিন্যস্ত হইয়া এক পরম-শোভাময় অদ্বিতীয় চিদ্বিগ্রহরূপে নিত্য উদিত। সেই শ্রীবিগ্রহই কৃষ্ণের আত্মা এবং শ্রীকৃষ্ণের আত্মাই সেই বিগ্রহ। ঘনীভূত-সচ্চিদানন্দ-তত্ত্বই শ্রীবিগ্রহ। সুতরাং শিথিল-সচ্চিদানন্দ-তত্ত্বরূপ নির্ব্বিশেষ নিরাকার ব্রহ্ম—সেই ঘনীভূত-তত্ত্বেরই—অঙ্গপ্রভা-মাত্র। সচ্চিদানন্দ-ঘনীভূত কৃষ্ণবিগ্রহই স্বয়ংরূপে অনাদি এবং ব্রহ্ম ও পরমাত্মার আদি। লীলা-লক্ষণ-লক্ষিত গোপতি, গোপপতি, গোপীপতি, গোকুলপতি ও গোলোকপতি শ্রী-সেবিত সেই কৃষ্ণই গোবিন্দ। তিনিই পুরুষ-প্রকৃতিরূপ সর্ব্বকারণের কারণ।

---

